

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৫৮

সোনামুড়া, ২৮ নভেম্বর, ২০২৩

মেলাঘর পুরপরিষদ ভিত্তিক যুব উৎসব

মেলাঘর পুরপরিষদ ভিত্তিক যুব উৎসব গতকাল মেলাঘর টাউন হলে অনুষ্ঠিত হয়। মেলাঘর পুরপরিষদ এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই উৎসবের সূচনা করেন মেলাঘর পুরপরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল (রায়)। সভাপতিত্ব করেন পুর পরিষদের ক্রীড়া ও যুব বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারপার্সন গীতা দাস। উপস্থিত ছিলেন মেলাঘর পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন গুরুপদ রায়, সমাজসেবী বিশ্বজিৎ দাস, দেবব্রত ভট্টাচার্য, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস এবং সোনামুড়া মহকুমা যুব বিষয়ক এবং ক্রীড়া কার্যালয়ের ইয়ুথ প্রোগ্রাম অফিসার মধুসূদন দেববর্মা। অনুষ্ঠানে যুব উৎসবের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে আলোচনা করেন উদ্বোধক অনামিকা ঘোষ পাল (রায়) এবং সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস। স্বাগত ভাষণ দেন ইয়ুথ প্রোগ্রাম অফিসার মধুসূদন দেববর্মা। উৎসবে পুরপরিষদ এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ সমবেত লোকনৃত্য, একক লোকসঙ্গীত, এককনৃত্য, আবৃত্তি ইত্যাদি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।
